



# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-১২৪

### দেশের প্রয়োজনে আনসার ও ভিডিপি সবসময় তৎপর - স্বরাষ্ট্রমন্ত্রী

রাজশাহী; ০৬ পৌষ (২১ ডিসেম্বর):

দেশের প্রয়োজনে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী (ভিডিপি) সবসময় তৎপর ভূমিকা পালন করে বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা আসাদুজ্জামান খান, এমপি।

আজ বুধবার (২১ ডিসেম্বর) সকাল এগারোটায় রাজশাহীর বাঘা উপজেলা পরিষদ চত্বরে নবনির্মিত বাঘা উপজেলা আনসার ও ভিডিপি মডেল কার্যালয় উদ্বোধন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতাকালে তিনি এ মন্তব্য করেন। অনুষ্ঠানে পররাষ্ট্র প্রতিমন্ত্রী মোঃ শাহরিয়ার আলম, জাতীয় সংসদের সংরক্ষিত আসনের সদস্য আদিবা আনজুম মিতা, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী (ভিডিপি)-র মহাপরিচালক মেজর জেনারেল এ কে এম নাজমুল হাসান উপস্থিত ছিলেন।

আসাদুজ্জামান খান বলেন, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন প্রত্যেকটি বাহিনী দক্ষতার সঙ্গে কাজ করছে। আনসার বাহিনী তার মধ্যে একটি। তাদের কাজ সবসময় আমাদের চোখে পড়ে না ঠিকই, কিন্তু আনসার একটি বিরাট বাহিনী। দেশের প্রয়োজনে সবসময় আনসার ও ভিডিপি তৎপর ভূমিকা পালন করে থাকে। যখন যেভাবে কাজ করা প্রয়োজন এই বাহিনী ঠিক সেভাবে আস্থার সঙ্গে দায়িত্ব পালন করে। বিশেষ করে নির্বাচনের সময়, বিভিন্ন দুর্যোগে, পূজা উৎসবে আনসার ও ভিডিপি অত্যন্ত সফলতার সঙ্গে দায়িত্ব পালন করে যাতে করে কোনো প্রকার অশান্তিকর ঘটনা না ঘটে।

২০১৪ সালের পরিস্থিতির কথা মনে করিয়ে দিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ২০১৪ সালে দেশে যখন অরাজক পরিস্থিতি সৃষ্টির চেষ্টা করা হচ্ছিল, অগ্নিসন্ত্রাস, সড়ক ও রেলযোগাযোগ বিচ্ছিন্ন করার ঘটনা ঘটানো হচ্ছিল, তখন সেই পরিস্থিতিতে আনসার গুরুত্বসহকারে কাজ করেছে। জনগণের জানমালের নিরাপত্তাবিধান ও আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে আনসারের ভূমিকা ছিল অপরিসীম।

সাম্প্রতিক জামাত-শিবিরের বিভিন্ন ধরনের অপতৎপরতায় দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি হওয়ার সুযোগ আছে কিনা সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে এ সময় মন্ত্রী বলেন, দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি ভালো অবস্থায় আছে। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী অত্যন্ত সুন্দরভাবে দায়িত্ব পালন করছে। আর জামাত-শিবির বলে শুধু নয়, যারাই দেশে অরাজক পরিস্থিতি সৃষ্টি করার চেষ্টা করবে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে। সীমান্ত হত্যা সম্পর্কে সাংবাদিকরা জানতে চাইলে তিনি বলেন, ইতোপূর্বে সীমান্ত হত্যা বিষয়ে ভারতের সঙ্গে আলোচনা হয়েছে। সীমান্ত হত্যা বন্ধে ভারতের আশ্বাস রয়েছে বলে তিনি জানান।

অনুষ্ঠানে পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, তৃণমূলে অনেক গুরুত্বপূর্ণ সময়ে আনসার ভিডিপির সদস্যরা কাজ করে। আমাদের জাতি গঠনে, দুর্যোগ মোকাবিলায় এবং দেশের নির্বাচনে আনসার অগ্রণী ভূমিকা পালন করে আসছে। দেশের সর্বত্র তাদের কাজের পরিধি বিস্তৃত বলে তিনি জানান।

একই অনুষ্ঠান থেকে স্বরাষ্ট্রমন্ত্রী ফলক উন্মোচন করে নবনির্মিত তানোর উপজেলা আনসার ও ভিডিপি মডেল কার্যালয় উদ্বোধন করেন। পরে তিনি বাঘা উপজেলা আনসার ও ভিডিপি মডেল কার্যালয়ের সামনে একটি টারমিনাল ট্রিং চারা রোপণ করেন।

তৌহিদ/ সিকান্দার/রুহুল/২০২২/১৬.৪০ ঘ.